ড্যাফোডিল ইউনিভার্সিটিতে বাংলাদেশের অর্থনীতিতে রিয়েল এস্টেট খাতের অবদান নিয়ে সেমিনার

বাংলাদেশের অর্থনীতিতে রিয়েল এস্টেট খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে “বাংলাদেশের অর্থনীতিতে রিয়েল এস্টেট খাতের অবদান শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার সন্ধ্যায় রিহ্যাবের রিয়েল এস্টেট রিসার্চ স্ট্যান্ডিং কমিটির উদ্যোগে আয়োজিত এই সেমিনারটি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির গ্রিন গার্ডেনে অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) -এর প্রেসিডেন্ট মোঃ ওয়াহিদ্দুজ্জামান। সেমিনারে তিনি বলেন, রিয়েল এস্টেট খাত আজ দেশের অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি। এই খাত শুধু শহর নয়, বরং গ্রামীণ অর্থনীতিতেও প্রভাব ফেলছে। উন্নত পরিকল্পনা, গবেষণা এবং নীতিগত সহযোগিতা বৃদ্ধি পেলে রিয়েল এস্টেট খাত বাংলাদেশের জিডিপির প্রবৃদ্ধিতে আরো অধিক ভূমিকা রাখতে পারবে। তিনি বলেন অনেক দিন পর রিহ্যাব গবেষণার কাজ শুরু করলো। এটা চলমান থাকবে। অনুষ্ঠানে রিহ্যাব এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লিয়াকত আলী ভূইয়া, ভাইস প্রেসিডেন্ট (ফাইন্যান্স) আব্দুর রাজ্জাক, রিহ্যাব পরিচালক ও প্রেস এ্যান্ড মিডিয়া স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান মুহাম্মদ লাবিব বিল্লাহ্, রিহ্যাব পরিচালক ইঞ্জি. মঞ্জুরুল ফরহাদ, মো: মোবারক হোসেন, এ. এফ. এম. ওবায়দুল্লাহ, মিরাজ মোক্তাদির এবং মোঃ ইমদাদুল হক।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মাসুম ইকবাল। তিনি রিয়েল এস্টেট খাতের উদীয়মান চ্যালেঞ্জ ও সুযোগ নিয়ে আলোচনা করেন।

সেমিনারে সভাপতিত্ব করেন রিহ্যাব পরিচালক ও রিয়েল এস্টেট রিসার্চ স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ড. মো: হারুন অর রশিদ।